দৈনিক ইত্তেফাক

তারিখ ... 22 DEC 1990
পৃষ্ঠা ... ১৭ ... কলাম ... ৮ ...

37

## প্রশ্নপত্র ফাঁস ॥ কৃষি কলেজে ভর্তি পরীক্ষা স্থগিত

(ইত্তেফাক রিপোর্ট)

প্রশ্নপত্র ফাঁস হইয়া যাওয়ায় গতকাল (শুক্রবার) কৃষি ইনষ্টিটিউটের প্রথমবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইতে পারে নাই। আজ (শনিবার) বিকাল ৩টায় এই পরীক্ষাটি অনুষ্ঠিত হইবে।

গতকাল সকাল-১০টায় প্রথম-বর্ষ বিএসসি এজি (অনার্স) পরীক্ষা শুরুর পূর্বেই ছাত্ররা প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উত্থাপন করে। অভিযোগের প্রেক্ষিতে ইনষ্টিটিউট কর্তৃপক্ষ গতকাল পরীক্ষা স্থগিত ঘোষণা করেন। এ-সম্পর্কে গতকাল সন্ধ্যায় ইনষ্টিটিউটের অধ্যক্ষের সহিত যোগাযোগ করা হইলে তিনি পরীক্ষা স্থগিত ঘোষণার কথা স্বীকার করিয়া বলেন, প্রশ্নপত্র ফাঁসের প্রমাণ পাওয়া গিয়াছে। বিষয়টি তদন্তের জন্য একটি তদন্ত কমিটি গঠন করা হইয়াছে।

ইনষ্টিটিউটের কেন্দ্রীয় ছাত্র সংসদ এক বিবৃতিতে অভিযোগ করিয়াছে, কিছু সংখ্যক শিক্ষক প্রশ্নপত্র ফাঁসের জন্য দায়ী। বিবৃতিতে তাহাদের ইনষ্টিটিউট হইতে বহিষ্কারের দাবী জানান হয়।